

## পড়শির ঘরে

নাসির আহমেদ

টুকেছি পড়শির ঘরে স্বতঃস্ফূর্ত আত্মীয়ের মতো অনায়াসে ;  
অথচ অচেনা থাকে একা এই ঘরে, পরবাসে  
সে কি একা? নাকি আর কেউ আছে দৃশ্যের আড়ালে !  
জানা নেই কিছু ,নাগরিক জটিল রহস্যরীতি ! অমিওতো একা  
দেখি না কি বলে পড়শি ? কী রয়েছে নিয়তির লেখা !  
না হয় লালন থেকে দীর্ঘশ্বাস ধার করে নিয়ে  
ফলাবো অচিনবৃক্ষে বিরহের ফুল কিছু উষ্ণ অশ্রু দিয়ে !  
ভালবাসা নিসর্গের মতই নিঃসঙ্গ আর নির্জন নিভৃত চিরকাল !  
টুকেছি পড়শির ঘরে ;ক্ষুধার্ত হৃদয় তারও ?  
নাকি একা আমারই আকাল !

নাসির আহমেদ  
সাহিত্য সম্পাদক  
দৈনিক জনকণ্ঠ, ঢাকা